



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

ময়মনসিংহ (দঃ)।



বিষয় : এপ্রিল- জুন/২০২২ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিবেচনা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) এর নৈতিকতা কমিটির সভা ২৯.০৬.২০২২ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা জনাব আহম্মদ আমান এর সভাপতিত্বে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

(ক) জনাব আহম্মদ আমান, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ(দঃ)

(খ) জনাব আব্দুল বারী, মুখ্য কর্মকর্তা, আনিকা, ময়মনসিংহ(দঃ)

(গ) জনাব আবু তাহের, ডাটাএন্ট্রি সুপারভাইজার, আনিকা, ময়মনসিংহ(দঃ)

সভাপতি

সচিব ও


শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা।


সদস্য


০২। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। তিনি আরো মনে করেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতিব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করবেন, পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করবেন।
২. সূষ্ঠ আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথ ভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের বিষয়ে শাখা পর্যায়ে পরামর্শ দিবেন এবং ক্যাশ সার্ভিস ও ব্যবস্থাপনা এবং নোট সার্টিং এ বিষয়ে শাখা সমূহকে পরামর্শ প্রদান করতে হবে।
৪. নিষ্পত্তিযোগ্য অনুচ্ছেদ সমূহ স্পটেই নিষ্পত্তি করবেন।
৫. আদায়যোগ্য এবং প্রদেয় খাতে অনিষ্পন্ন এন্ট্রি সমূহের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে।
৬. সকল শাখাকে অভ্যন্তরীণ নিরীক্ষা/বাংলাদেশ ব্যাংক পরিদর্শন/ বাণিজ্যিক নিরীক্ষায় উৎখাপিত আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান।
৭. খেলাপি ঋণ সংস্কৃতি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋণ আদায়ে সচেষ্ট হতে হবে। করোনা প্যাকেজ (এসিডি-১ এবং সিএমএসএমই) এর অধিনে বিতরণকৃত ঋণসমূহ সঠিক খাতে বিতরণ হয়েছে কিনা বিষয়গুলো পর্যবেক্ষণ করতে হবে।
৮. সততার সাথে সকলকে মানিলাভারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদ্বিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।
৯. বিকেবি'র আচরন বিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
১০. দর্শনীয় স্থানে অভিযোগ বাস্তব অবিলম্বে স্থাপন করতে হবে।
১১. গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হতে পরামর্শ দিবেন।
১২. শাখায় নাগরিক অডিট বোর্ড স্থাপনের পরামর্শ দিবেন।
১৩. শাখাকে কি ভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করা যায় সে বিষয়ে পরামর্শ দিবেন।
১৪. শাখাকে সিটিজেন চার্টার স্থাপনের পরামর্শ দিবেন।

সম্মিলিতভাবে শুদ্ধাচার চর্চার মাধ্যমে টীম স্পিরিটকে কাজে লাগিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ) কে একটি আদর্শ কার্যালয় হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


নৈতিকতা কমিটির
সদস্য সচিব
আবু তাহের
ডাটা এন্ট্রি সুপারভাইজার
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ (দঃ)



নৈতিকতা কমিটির
সদস্য সচিব
আব্দুল বারী
মুখ্য কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ (দঃ)


নৈতিকতা কমিটির
সভাপতির স্বাক্ষর
আহম্মদ আমান
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা (সমবা)
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ)।
তারিখঃ- ২৯/০৬/২০২২ ইং

স্মারক নং- আনিকা(মঃদঃ)/শুদ্ধাচার/প্রশা-১২(২)/২০২১-২০২২/৮২৬

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
- ০২। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ) এর নিরীক্ষাধীন সকল শাখা।
- ০৩। নথি/মহানথি।


সদস্য সচিব
আব্দুল বারী
মুখ্য কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ময়মনসিংহ (দঃ)